

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর

\*\*\*\*\*

স-৪৫৪৩(আগরতলা ১১১১)

করবুক, ১১ জানুয়ারি, ২০২৪

**করবুক মহকুমা ভিত্তিক জনজাতি লোকন্ত্য প্রতিযোগিতা**

করবুক মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল মহকুমা ভিত্তিক জনজাতি লোকন্ত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অডিটোরিয়ামে আয়োজিত এই প্রতিযোগিতার উদ্বোধন করেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা। উদ্বোধকের ভাষণে ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা বলেন, প্রত্যেকটি সম্প্রদায়ের নিজস্ব কৃষ্টি ও সংস্কৃতি রয়েছে। এর গুরুত্ব অপরিসীম। এই কৃষ্টি ও সংস্কৃতিকে বহমান রাখা ও আগামী প্রজন্মের কাছে পৌছে দেওয়ার জন্য তিনি সকলের প্রতি আবেদন জানান। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস, মহকুমা পুলিশ আধিকারিক গমঙ্গয় রিয়াৎ, মহকুমা কল্যাণ আধিকারিক অরজিঃ দেববর্মা, বিদ্যালয় পরিদর্শক দামোদর ত্রিপুরা, বিক্রম কিশোর জমাতিয়া, শিলাছড়ি ব্লক বিদ্যালয় পরিদর্শক সমীরণ চাকমা, সমাজসেবী হামসিং রিয়াৎ, প্রণব শঙ্কর ত্রিপুরা প্রমুখ। এই প্রতিযোগিতায় তিনি লোকন্ত্য দল অংশগ্রহণ করে। অনুষ্ঠান শেষে নৃত্য দলগুলির হাতে অতিথিগণ পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহকুমা ভিত্তিক বোর্ডিং হাউস কমিটির চেয়ারম্যান সুশীল রিয়াৎ।

\*\*\*\*\*